



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/26/2021

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল হাসপাতালের ধারণক্ষমতা বৃদ্ধি এবং কর্মী সঙ্কট সমাধানে জরুরি পদক্ষেপের ঘোষণা দিলেন

জরুরি অবস্থা সার্জ অ্যান্ড ফ্লেক্স সিস্টেম ব্যবহারের সূচনা করে দিবে এবং ক্রয়ক্ষমতা বৃদ্ধি করবে

ধারণক্ষমতা নিশ্চিত করার জন্য প্রয়োজন হলে ডিপার্টমেন্ট অফ হেলথ অত্যাবশ্যকীয় বা জরুরি নয় এমন পূর্বে নির্ধারিত হাসপাতালের চিকিৎসা প্রক্রিয়া সীমাবদ্ধ করার অনুমতি পাবে

নিউ ইয়র্ক স্টেটে এখনো নতুন ওমিক্রন ভ্যারিয়েন্ট সনাক্ত হয়নি, কিন্তু হোকল সতর্ক করছেন যে: 'এটি আসছে'

গভর্নর ক্যাথি হোকল আজকে আসন্ন শীতকালে কোভিড-19 আক্রান্ত হওয়ার সংখ্যা বৃদ্ধির সম্ভাবনা সামনে রেখে হাসপাতালের ধারণক্ষমতা বৃদ্ধি এবং কর্মী সঙ্কট সমাধানে জরুরি পদক্ষেপের ঘোষণা দিলেন। গভর্নর হোকলের স্বাক্ষরকৃত একটি নির্বাহী আদেশের মাধ্যমে, অতি জরুরি স্বাস্থ্যসেবা পাওয়ার সুযোগ রক্ষা করার জন্য প্রয়োজন হলে ডিপার্টমেন্ট অফ হেলথ (Department of Health) সীমিত ধারণক্ষমতায়ুক্ত হাসপাতাল ব্যবস্থার ক্ষেত্রে অত্যাবশ্যকীয় বা জরুরি নয় এমন চিকিৎসা প্রক্রিয়া সীমাবদ্ধ করতে পারবে। সীমিত ধারণক্ষমতা বলে গণ্য করা হবে 10 শতাংশের কম কর্মীসহ আসন্ন ধারণক্ষমতা, বা আঞ্চলিক ও স্বাস্থ্যসেবার ব্যবহারিক কারণের উপর ভিত্তি করে ডিপার্টমেন্ট অফ হেলথ তা নির্ণয় করবে।

নতুন প্রটোকল শুরু হবে 3 ডিসেম্বর শুক্রবার, এবং 15 জানুয়ারি সর্বশেষ কোভিড-19 ডেটার উপর ভিত্তি করে এটি পুনর্মূল্যায়িত হবে। এছাড়াও নির্বাহী আদেশ নিউ ইয়র্ক স্টেটকে মহামারীর সাথে লড়াই করার জন্য আরো দ্রুত যেকোনো অতি জরুরি পণ্য ক্রয় করতে দিবে।

"আমরা কোভিড-19 এর বিস্তার প্রতিরোধ করতে অভাবনীয় সব ব্যবস্থা নিয়েছি এবং মহামারীর সাথে লড়াই করছি। কিন্তু, আসন্ন শীতকালে সংখ্যাবৃদ্ধির সতর্ক সঙ্কেত আমরা দেখেই যাচ্ছি, এবং যদিও নতুন ওমিক্রন ভ্যারিয়েন্ট এখনো নিউ ইয়র্ক স্টেটে সনাক্ত হয়নি, এটি আসছে," **গভর্নর হোকল বলেন।** "প্রস্তুতি হিসেবে, আমি আজকে হাসপাতালের ধারণক্ষমতা বৃদ্ধি এবং শীতের মাসগুলি সামনে রেখে মহামারী সৃষ্টি যেকোনো সমস্যা যাতে আমাদের হাসপাতাল ব্যবস্থা সামাল দিতে পারে না নিশ্চিত করতে সাহায্য করার জন্য জরুরি পদক্ষেপ ঘোষণা

করছি। টিকা এখনো মহামারীর সাথে লড়াইয়ে আমাদের সেরা হাতিয়ারগুলির একটি, এবং আমি সকল নিউ ইয়র্কবাসীকে টিকা গ্রহণের জন্য উৎসাহিত করছি এবং আপনি সম্পূর্ণ টিকা গ্রহণ করলে বুস্টার নিন।"

হোকল প্রশাসন কোভিড-19 এর বিস্তার প্রতিরোধ করতে সার্বিক ব্যবস্থা নিয়ে যাচ্ছে, যার মধ্যে রয়েছে স্বাস্থ্য সেবা ও P-12 স্কুল, কারেকশনাল ফ্যাসিলিটি এবং ডিটেনশন সেন্টার, গণ পরিবহন এবং পরিবহন কেন্দ্রে মাস্ক প্রটোকল, এবং নিউ ইয়র্ক হেলথ অ্যান্ড এসেনশিয়াল রাইটস অ্যাক্ট (New York Health and Essential Rights Act, HERO অ্যাক্ট) বাস্তবায়ন করা যার ফলে কোভিড-19 এর প্রতিক্রিয়ায় সকল চাকরিদাতাকে কর্মস্থলের জন্য নিরাপত্তা পরিকল্পনা বাস্তবায়ন করতে হবে।

প্রশাসন নিউ ইয়র্কবাসীর মধ্যে টিকা গ্রহণের হার বৃদ্ধির দিকে মনোযোগ দিয়ে যাচ্ছে, যার মধ্যে রয়েছে স্টেটের টিকা গ্রহণের স্থানের নেটওয়ার্ক শক্তিশালী করা, এবং পরীক্ষা করার সরঞ্জাম বৃদ্ধি করা নিয়ে কাজ করা। এর মধ্যে এছাড়াও রয়েছে 5-17 বছর বয়সী স্কুলগামী শিশুদের টিকা প্রদানের সার্বিক পরিকল্পনা, প্রণোদনা প্রোগ্রাম, ভাইরাসের ব্যাপারে ভুল তথ্যের প্রচার রোধ, নিম্ন-টিকা গ্রহণের হার রয়েছে এমন এলাকা নির্ধারিত করে সেখানে পপ-আপ টিকাকেন্দ্র স্থাপন, এবং স্বাস্থ্যসেবা কর্মীদের জন্য টিকা আবশ্যিকতা বাস্তবায়ন করা। 24 অগাস্ট, প্রাপ্তবয়স্কদের মধ্যে এক ডোজ টিকা গ্রহণের হার ছিলো 78.8 শতাংশ। আজকে, এটি 90.2 শতাংশ।

এছাড়াও, প্রশাসন বুস্টার টিকা অগ্রসর করছে এবং নিউ ইয়র্কবাসীকে টিকা গ্রহণ সম্পূর্ণ হলে বুস্টার ডোজ নেওয়ার জন্য তাগিদ প্রদান করছে। 24 নভেম্বর পর্যন্ত, 2.2 মিলিয়নের বেশি বুস্টার এবং/অথবা অতিরিক্ত ডোজ প্রদান করা হয়েছে। প্রায় 4,500 অবস্থানে বুস্টার টিকা প্রদান করা হচ্ছে।

প্রশাসন টিকা, বুস্টার এবং পরীক্ষা করা আরো বিস্তৃতভাবে উপলভ্য করার জন্য স্থানীয় নেতাদের সাথে অংশীদারিত্ব করা অব্যাহত রাখবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবন্ধাইব করুন](#)